পিএইচ.ডি. কোর্সওয়ার্ক ২০২৪

বাংলা

কোর্স ১

গবেষণার পদ্ধতি ও প্রকরণ

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ৮০

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : ২x১৫=৩০

ক) উদাহরণ-সহ গবেষণাপত্রের সূচি এবং ফ্লাইলিফের গুরুত্ব লিখুন।

খ) গবেষণাপত্রের আখ্যাপত্র (টাইটেল পেজ) এবং অন্ত্যটীকার (এন্ড নোট) গুরুত্ব উপযুক্ত নমুনা-সহ বর্ণনা করুন।

গ) গবেষণাপত্র প্রস্তুত করার ক্ষেত্রে উদ্ধৃতি ও উদ্ধৃতিচিহ্নের প্রয়োগগত দিকগুলি সম্পর্কে আলোচনা করুন ।

ঘ) লোকসংস্কৃতির গবেষণায় প্রাক্-ক্ষেত্রসমীক্ষা পর্যায়, ক্ষেত্রসমীক্ষা পর্যায় এবং ক্ষেত্রসমীক্ষা পরবর্তী পর্যায়ের গুরুত্ব আলোচনা করুন।

ঙ) 'বঙ্গদর্শন' পত্রে বঙ্কিমচন্দ্র গবেষণা সম্পাদন কার্যের পদ্ধতিগত রূপরেখা কীভাবে প্রদান করেছিলেন তা আলোচনা করুন।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন : ৫x২=১০

ক) কোথায় কীভাবে ইনডেন্ট ব্যবহার করতে হয় তা লিখুন।

খ) বক্ররেখ, নিম্নরেখ এবং স্থূলাক্ষরের পার্থক্য দেখান।

গ) কুম্ভীলক বৃত্তি এবং তৎসংক্রান্ত সাবধানতা সম্পর্কে লিখুন।

ঘ) প্রুফ-সংশোধনের ক্ষেত্রে কপি হোল্ডার এবং প্রুফ রিডারের ভূমিকা সম্পর্কে লিখুন।

ঙ) বঙ্গদেশের দুজন ক্ষেত্রসমীক্ষকের নাম লিখুন।

৩। যে-কোনো ছটি প্রশ্নের উত্তর দিন : ৬x৫=৩০

ক) প্রাক্-গবেষণাপত্রের নামপত্র বা Pre-Submission Title Page-এর একটি আদর্শ নমুনা প্রস্তুত করুন।

খ) উদাহরণ-সহ গবেষণাপত্রে তির্যক চিহ্ন ব্যবহারের পদ্ধতি সম্পর্কে লিখুন।

গ) গবেষণাপত্রের ভূমিকা কখন এবং কীভাবে লিখবেন তা জানান।

ঘ) গবেষণাপত্রে কীভাবে হাইফেন-চিহ্ন ব্যবহার করতে হয়, উদাহরণ-সহ লিখুন।

ঙ) গবেষণা-পত্রে ড্যাস চিহ্নের ব্যবহার কখন করতে হয় লিখুন।

চ) 'কি' ও 'কী'-এর ব্যবহার কোন্ কোন্ ক্ষেত্রে হয়?

ছ) ক্ষেত্রসমীক্ষায় কীভাবে প্রশ্নমালা তৈরি করতে হয়?

জ) আদর্শ ক্ষেত্রসমীক্ষক হবার দুটি যোগ্যতা বা শর্ত লিখুন।

ঝ) ক্ষেত্রসমীক্ষার দুটি পদ্ধতির উল্লেখ করুন।

পরপৃষ্ঠায় দ্রষ্টব্য

৪। ক এবং খ প্রশ্নের উত্তর আবশ্যিক (এই পৃষ্ঠাটি উত্তরপত্রে সংযুক্ত করতে হবে) : ২x৫=১০

ক) মূল কপির সঙ্গে মিলিয়ে প্রুফ সংশোধন করুন :

মূল কপি :

রাম রাজপদে প্রতিষ্ঠিত হইলেন, এবং অপ্রতিহত প্রভাবে রাজ্যশাসন, ও অপত্যনির্বিশেষে প্রজাপালন, করিতে লাগিলেন। তাঁহার শাসনগুণে, স্বল্প সময়েই, সমস্ত কোশলরাজ্য সর্ব্বত্র সর্ব্বপ্রকার সুখসমৃদ্ধিতে পরিপূর্ণ হইয়া উঠিল। ফলতঃ, তদীয় অধিকারকালে, প্রজালোকের সর্ব্বাংশে যাদৃশ সৌভাগ্যসঞ্চার ঘটিয়াছিল, ভূমণ্ডলে, কোনও কালে, কোনও রাজার শাসনসময়ে, সেরূপ লক্ষিত হয় নাই। তিনি, প্রতিদিন, যথাকালে, অমাত্যবর্গে পরিবৃত হইয়া, অবহিত চিত্তে রাজকার্য্যের পর্য্যালোচনা করিতেন; অবশিষ্ট সময়, ভ্রাতৃত্রয়ের ও জনকতনয়ার সহবাসসুখে, অতিবাহিত হইত।

প্রুফ :

রাম রাজপদে প্রতিষ্ঠিত হইলেন এবং অপ্রতিহত প্রভাবে রাজ্যশাসন, ও অপত্যনির্বিশেষে প্রজাপালন, করিতে লাগিলেন। তাঁহার শাসনগুণে, স্বল্প সময়ে, সমস্ত কোশলরাজ্য সর্ব্বত্র সর্ব্বপ্রকার সুখসমৃধিতে পরিপূর্ণ হইয়া উঠিল। ফলতঃ, তদীয় অধিকারকালে, প্রজালোকের সর্ব্বাংশে যাদৃশ সৌভাগ্যসঞ্চাড় ঘটিয়াছিল, ভূমণ্ডলে, কোনও কালে, কোনও রাজার শাসনসময়ে, সেরূপ লক্ষিত হয় নাই। তিনি, প্রতিদিন, — যথাকালে, অমাত্যবর্গে পরিবৃত হইয়া, অবহিত চিত্তে রাজকার্য্যের পর্য্যালোচনা করিতেন; অবশিষ্ট সময়, ভ্রাতৃত্রয়ের ও জনকতনয়ার সহবাসসুখে, অতিবাহিত হইতেন।

খ) মূল কপির সঙ্গে মিলিয়ে প্রুফ সংশোধন করুন :

মূল কপি :

আধেকলীন হৃদয়ে দূরগামী
ব্যথার মাঝে ঘুমিয়ে পড়ি আমি
সহসা শুনি রাতের কড়া নাড়া
'অবনী বাড়ি আছ?'

প্রুফ :

আদেকলীন হৃদয়ে বহুগামী
ব্যাথার মাঝে ঘুমিয়ে পড়ি আমি
সহসা শুনি রাতের করা নাড়া
'অবনী, বাড়ি আছো?'

পিএইচ.ডি. কোর্স ওয়ার্ক পরীক্ষা ২০২৪

বাংলা

কোর্স-২ (ঐচ্ছিক)

(কথাসাহিত্য)

সময় : ৪ ঘণ্টা | পূর্ণমান : ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

প্রতিটি এককের উত্তরদান আবশ্যিক

## একক-১

১। ক) ভারতীয় সাহিত্যে 'কথা' অভিধাটির ঐতিহাসিক প্রেক্ষিত বিচার করুন। উপন্যাস-গল্প ছাড়াও আখ্যান কবিতা, মঙ্গলকাব্য, আত্মজীবনী ইত্যাদি বর্গের সাহিত্যকে কোন যুক্তিতে 'কথাসাহিত্য' বর্গের অন্তর্ভুক্ত করা যায় ? ৪+৬ = ১০

অথবা

খ) 'আখ্যান' শব্দটির ব্যুৎপত্তি নির্ণয় করুন। দৃষ্টান্ত ও নিজস্ব মতামত সহযোগে উপন্যাস-সমালোচনার ধারার সঙ্গে আখ্যানতত্ত্বের মিল-অমিলের জায়গাগুলি নিরূপণ করুন। ৩+৭ = ১০

অথবা

গ) 'প্লট' বলতে ইএম ফর্স্টার যা বলতে চেয়েছিলেন তা উত্তরাধুনিক আখ্যান-ভাবনার সঙ্গে সংগতিপূর্ণ কি না, যুক্তিসহ ব্যাখ্যা করুন। ১০

২। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন। ৫×২ = ১০

ক) একটি সরল পন্থাকার এবং একটি জটিল হর্ম্যাকার প্লটের বাংলা উপন্যাসের নাম লিখুন।

খ) বাণভট্ট রচিত একটি 'কথা' এবং একটি 'আখ্যায়িকা'র উদাহরণ দিন।

গ) দণ্ডী-ভামহ ছাড়া আরও দুজন সংস্কৃত আলংকারিকের নাম লিখুন যাঁরা কথা-আখ্যায়িকা বিতর্কে অংশগ্রহণ করেছিলেন।

ঘ) রবীন্দ্রনাথের রচিত এমন দুটি নন-ফিকশনের নাম লিখুন যেগুলিকে 'আখ্যান' বলা যায়।

ঙ) উত্তমপুরুষ কথনরীতিতে বিবৃত হলেও কোনো আখ্যানের কবি বা লেখকের সঙ্গে তার ন্যারেটরের তফাত নির্দেশ করবার পক্ষে দুটি যুক্তি দিন।

## একক – ২

৩। ক) 'আলালের ঘরের দুলাল' গ্রন্থের ইংরেজি 'PREFACE' ও বাংলা 'ভূমিকা' অবলম্বনে প্যারীচাঁদ মিত্রের উপন্যাস সম্পর্কিত ধারণার পরিচয় দিন। ১০

অথবা

খ) নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'সাহিত্যে ছোটগল্প' অবলম্বনে তাঁর সমালোচনার পদ্ধতি সম্পর্কে আলোচনা করুন। ১০

অথবা

গ) গোপিকানাথ রায়চৌধুরীর 'রবীন্দ্র উপন্যাসের নির্মাণশিল্প' গ্রন্থের 'নিবেদন' অংশ অবলম্বনে তাঁর সমালোচনার প্রধান দিকগুলি সম্পর্কে আলোকপাত করুন। ১০

[পরের পৃষ্ঠায় দেখুন]

৪। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন। ৫×২ = ১০

ক) কোন সালে কোন মাসিক পত্রিকায় 'বঙ্গসাহিত্যে উপন্যাসের ধারা'-র প্রাক্‌রূপ প্রকাশিত হয়েছিল ?

খ) 'বাংলা উপন্যাসের কালান্তর' গ্রন্থের প্রণেতা কে ? এটি কত সালে প্রকাশিত হয়েছিল ?

গ) নরেন্দ্রনাথ চক্রবর্তী-র 'বাংলা ছোট-গল্প— সংক্ষিপ্ত সমালোচনা' গ্রন্থের ভূমিকা কে লেখেন ? তিনি 'ছোটগল্প' বলতে কী বলেছেন ?

ঘ) 'সাহিত্যে ছোটগল্প' গ্রন্থের ক'টি খণ্ড ? খণ্ডগুলির নাম লিখুন।

ঙ) 'রবীন্দ্রনাথ : ছোটগল্পের প্রকরণ-শিল্প' গ্রন্থের প্রণেতা কে ? গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়েছিল ?

## একক -৩

৫। ক) 'বাংলা ছোটগল্পে তেভাগা আন্দোলন' এই বিষয়টি কয়েকটি গল্প অবলম্বনে আলোচনা করুন। ১০

অথবা

খ) বাংলা কথাসাহিত্যে প্রতিফলিত দেশভাগ ও উদ্বাস্তু সমস্যা নিয়ে আলোকপাত করুন। ১০

অথবা

গ) বাংলা কথাসাহিত্যে মন্বন্তর বিষয়ে একটি নিবন্ধ রচনা করুন। ১০

৬। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন। ৫×২ = ১০

ক) 'প্রগতি লেখক সংঘ'-এর দ্বিতীয় অধিবেশন কোথায় এবং কত সালে হয়েছিল ?

খ) দ্বিতীয় বিশ্বযুদ্ধ কত সালে শুরু হয়েছিল এবং যুদ্ধ চলাকালীন জার্মানি কত সালে রাশিয়া আক্রমণ করে ?

গ) গোপাল হালদারের 'মন্বন্তর' ত্রয়ীর যে-কোনো দুটি উপন্যাসের নাম লিখুন।

ঘ) 'মন্বন্তর' ও 'অশনি সংকেত' উপন্যাস দুটি কার লেখা ?

ঙ) 'কলকাতা-নোয়াখালি-বিহার' এবং 'পালঙ্ক' গল্পের রচয়িতাদের নাম লিখুন।

## একক-৪

৭। ক) পাশ্চাত্যের যে আর্থ-সামাজিক প্রেক্ষাপটে নভেলের আত্মপ্রকাশ তার সঙ্গে উনিশ শতকীয় বঙ্গজ বাস্তবতার মূল পার্থক্যগুলি নির্দেশ করে বাংলা নভেলের সমকালীন বাস্তবতার প্রকাশরূপ বিষয়ে তোমার অভিমত দাও। ১০

অথবা

খ) উর্দু ভাষায় লেখা সাদাত হাসান মান্টো-র গল্পের বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করুন। ১০

অথবা

গ) ইসমত চুগতাই-এর গল্পে কীভাবে ধর্মের ঊর্ধ্বে মানবতা এবং নারীর নিজস্ব ভুবন স্থান পেয়েছে তা পাঠ্য দুটি গল্প অবলম্বনে আলোচনা করুন। ১০

৮। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন। ৫×২ = ১০

ক) 'আলালের ঘরের দুলাল' কবে কোন পত্রে ধারাবাহিকভাবে প্রকাশিত হয় ?

খ) 'স্বর্ণলতা' উপন্যাস কার লেখা ? এটি কত সালে প্রকাশিত হয় ?

গ) মান্টো-র গল্প অবলম্বনে নির্মিত দুটি চলচ্চিত্রের নাম লিখুন।

ঘ) দাঙ্গা ও দেশভাগ বিষয়ে নির্মিত দুটি চলচ্চিত্রের নাম লিখুন।

ঙ) 'গরম হাওয়া' চলচ্চিত্রের পরিচালক কে ? কার লেখা আখ্যান অবলম্বনে চলচ্চিত্রটি নির্মিত হয় ?

পি এইচ. ডি কোর্স ওয়ার্ক ২০২৫

বাংলা

প্রথম সেমেস্টার

কোর্স: ২

প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য

সময়: ৪ ঘণ্টা পূর্ণমান: ৮০

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত

প্রতিটি প্রশ্নের উত্তর প্রদান আবশ্যিক।

একক ১

১। (ক) জাতীয় পুথি মিশনের (National Mission for Manuscripts) নির্দেশ অনুসারে প্রদত্ত পুথির একটি Hand-list প্রস্তুত করুন।

অথবা

(খ) পুষ্পিকাসূত্রে বাংলা পুথির কালনির্ণয় বিষয়ে একটি নিবন্ধ রচনা করুন। ১০

২।নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন। ২x৫= ১০

(ক) পঞ্চানন মণ্ডল সম্পাদিত দুটি পুথির নাম লিখুন।

(খ) পুথির পুষ্পিকা বিষয়ে মূল্যবান দুটি গবেষণার উল্লেখ করুন।

(গ) 'পুথিপরিচয়' মোট ক'টি খণ্ডে প্রকাশিত? এর বিষয়বস্তু কী?

(ঘ) 'Aspects of Manuscriptology' গ্রন্থের সম্পাদনা কারা করেন? গ্রন্থটি কোথা থেকে প্রকাশিত হয়?

(ঙ) শ্যামল বেরা সম্পাদিত দুটি পুথির নাম করুন।

একক ২

২। (ক) সহজিয়া বৌদ্ধ ধর্ম-দর্শনের সঙ্গে চর্যাগীতির সম্বন্ধ বিশ্লেষণ করুন।

অথবা

(খ) সহজিয়া বৈষ্ণব সম্প্রদায়ের সাধনতত্ত্ব আলোচনা করুন। ১০

৩।নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন। ২x৫= ১০

(ক) 'তন্ত্রসার' গ্রন্থিটির রচনাকার ও সম্ভাব্য রচনাকাল কত?

(খ) অচিন্ত্যভেদাভেদতত্ত্ব কাকে বলে?

(গ) চৌষট্টি দলযুক্ত পদ্মের কথা কোন ধর্ম-দর্শনে বলা হয়েছে?

(ঘ) দশমহাবিদ্যার দশটি নাম লিখুন।

(ঙ) 'অষ্টসিদ্ধি' কী কী?

একক ৩

৫। (ক) সামাজিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপটের সূত্রে চর্যাগীতিগুলি পড়া কতখানি জরুরি, তা আলোচনা করুন।

অথবা

(খ) এক বিশেষ সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটে মঙ্গলকাব্য ও অনুবাদ সাহিত্য ধারার উদ্ভব।- প্রসঙ্গটি বিশদে আলোচনা করুন। ১০

৬।নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন। ২x৫= ১০

(ক) চর্যাগীতির দু'জন সম্পাদকের নাম লিখুন।

(খ) সুখময় মুখোপাধ্যায় লিখিত দুটি গ্রন্থের নাম লিখুন।

(গ) 'পদরত্নাবলী' গ্রন্থের দু'জন সম্পাদকের নাম লিখুন।

(ঘ) পূর্ববঙ্গের দু'জন মনসামঙ্গল রচয়িতার নাম জানান।

(ঙ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে ব্যবহৃত দুটি ফারসি শব্দ লিখুন।

## একক ৪

৭। (ক) ঈশ্বর গুপ্ত ও মধুসূদন দত্ত কবি হিসেবে সদৃশ নন, কিন্তু দুজনে দুভাবে মধ্যযুগের বাঙলা সাহিত্য অনুশীলনে অংশগ্রহণ করেছেন।- আলোচনা করুন।

অথবা

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্য অনুশীলনে শব্দজীবী, পুথিনিষ্ঠ, সাহিত্য সমালোচক রবীন্দ্রনাথ যেমন আত্মপ্রকাশ করেছেন, তেমনি কবি রবীন্দ্রনাথও তাঁর সৃজনশীলতার গুণে রাধাকৃষ্ণ কথাকে নবায়িত করেছেন।- আলোচনা করুন।

১০

৮। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন। ২x৫= ১০

(ক) Bengal Academy of Literature কবে প্রতিষ্ঠিত হয়? এই প্রতিষ্ঠানের পরবর্তী বঙ্গীয় রূপ কী?

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে মুসলমান কবিদের অবদান বিষয়ে দীনেশচন্দ্র সেনের বইটির নাম কী? বক্তৃতাটি কোন বিশ্ববিদ্যালয়ে প্রদত্ত হয়?

(গ) রামগতি ন্যায়রত্ন লিখিত বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক গ্রন্থটির নাম ও প্রকাশকাল লিখুন।

(ঘ) 'The Early Vaishnava Poets of Bengal' প্রবন্ধটি কোন পত্রিকায় কে লেখেন?

(ঙ) মনসামঙ্গল কাহিনি নিয়ে রচিত দুটি আধুনিক বাংলা উপন্যাসের নাম লিখুন।

ইথা আনিতে নারাযন ৷ অগ্নিগোসাঞি সীতা সত্য করিতা আপনে বারেন ৷ স
তঅর্দ্ধ সোনার অনেক রত্ন নাহি আন ৷ হেন রামচন্দ্র বোলে শাস্ত্র জ্ঞা
ন ৷ মাধ্যেম করবা সিবনে সর্ব্বজনে ৷ স্বরেশ্বতি ধাতু লোক ত্রী
শ্রুসিদেনে ৷ স্বরেশ্বত্তি থজোনার আন ক্ষিতি মনে ৷ বোনস্কুনে পক্ষে
রামহাস্সের মস্তুরাদে ৷ সুফান্দ্রনমা সোভা হাব কোলে নবিরা ৷ অ
ভাগি সিত্তার স্থান বাহের হয়া জাঁখ ৷ অভাগী সীতা রাবনে না হইন
মরন ৷ অশোকের বোনে নাহে খাকে রশনন ৷ অজোধ্যায় থাকে তোম

পিএইচ.ডি কোর্সওয়ার্ক পরীক্ষা ২০২৪

বাংলা

কোর্স ২ (ঐচ্ছিক)

বিশ শতকের বাংলা কবিতা

সময়: ৪ ঘণ্টা পূর্ণমান: ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

প্রতিটি এককের উত্তরদান আবশ্যিক

একক - ১

১। ক) বিশ শতকের নয়া উপনিবেশবাদী আগ্রাসনের প্রতিরোধ ও বাংলা কাব্যজগৎ বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করুন। ১০

অথবা

খ) চল্লিশের দশকের বামপন্থী আন্দোলন বাংলার শিল্পে কেমন ভাবে প্রতিফলিত হয়েছিল তা আলোচনা করুন। ১০

২। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ৫×২=১০

ক) অবনীন্দ্রনাথের দুটি বিখ্যাত ছবির নাম লিখুন।

খ) কোন পত্রিকায় কোন সম্পাদক ভারতশিল্প আন্দোলনের সঙ্গে যুক্ত শিল্পীদের আঁকা ছবি প্রকাশ করতেন?

গ) 'ক্ষুধার্ত বাংলা 'ও 'তেভাগার ডায়েরী' বই দুটির লেখক কারা?

ঘ) 'সংক্ষিপ্ত বিশ শতক' (Short Twentieth Century) এই ধারণার প্রবক্তা কে? কোন বিশেষ সময়পর্বকে তিনি বিশ শতক হিসেবে চিহ্নিত করেন?

ঙ) বিশ শতকের কবিতায় নয়া উপনিবেশবাদ বিরোধিতার প্রতিফলন ঘটেছে এমন দু'জন কবির নাম লিখুন।

একক - ২

৩। ক) কাব্যের কনটেন্টের আলোচনার পাশাপাশি ফর্মের আলোচনার গুরুত্বও অপরিসীম।— উপযুক্ত দৃষ্টান্ত সহযোগে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করুন। ১০

অথবা

খ) 'সাহিত্যের ইতিহাস আসলে আঙ্গিকের বিবর্তনের ইতিহাস।'— এই মন্তব্যটি স্মরণে রেখে বিশ শতকের বাংলায় 'মহাকাব্য' রচিত না হওয়া এবং গীতিকাব্যের সূচনা হওয়ার কার্য-কারণ সম্পর্ক বিষয়ে আপনার সুনিচিন্তিত মতামত ব্যক্ত করুন। ১০

৪। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ৫×২=১০

ক) সুভাষ মুখোপাধ্যায় এবং শক্তি চট্টোপাধ্যায়ের একটি করে 'এলিজি' কবিতার নামোল্লেখ করুন।

খ) বিশ শতকে রচিত রবীন্দ্রনাথের এমন দুটি সনেটের নাম লিখুন।

গ) সত্যেন্দ্রনাথ দত্তের এমন দুটি কবিতার নাম লিখুন যাদের 'প্যাটার্ন পোয়েট্রি' দৃষ্টান্ত বলা যায়।

ঘ) বিশ শতকে লেখা রবীন্দ্রনাথের এমন দুটি কবিতার উল্লেখ কি করা যায় যাদের 'ওড' বলা যেতে পারে?

ঙ) মাইকেল মধুসূদন দত্তের সনেটের সঙ্গে শক্তি চট্টোপাধ্যায়ের সনেটের দুটি মূলগত তফাত চিহ্নিত করুন।

একক - ৩

৫। ক) বিশ শতকের বাংলা কবিতায় পুরাণের প্রভাব কেমন ভাবে এসেছে সেটি বিশ শতকের কয়েক জন কবির কবিতা ধরে বুঝিয়ে দিন। ১০

অথবা

খ) জীবনানন্দ দাশের কবিতায় মিথ ভাবনা কীভাবে গ্রন্থিত হয়েছে তা আলোচনা করুন। ১০

৬। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন। ৫×২=১০

ক) বিষ্ণু দে-র দুটি কবিতা উল্লেখ করুন যেখানে পুরাণের প্রসঙ্গ আছে।

খ) রবীন্দ্রনাথ ঠাকুরের দুটি কবিতা উল্লেখ করুন যেখানে মহাভারতের প্রসঙ্গ আছে।

গ) মিথ ও পুরাণ কি সমার্থক?

ঘ) সুফিভাবনা প্রকাশ পেয়েছে এমন দুটি বাংলা কবিতার নাম উল্লেখ করুন।

ঙ) বীরেন্দ্র চট্টোপাধ্যায় বেহুলার মিথ ব্যবহার করছেন এমন দুটি কবিতার নাম উল্লেখ করুন।

একক - ৪

৭। ক) বিশ শতকের বাংলা আধুনিক কবিতায় মার্কিন কবি টি.এস.এলিয়টের প্রভাব বিষ্ণু দে সহ আরো কয়েকজন কবির কাব্যে কীভাবে পড়েছে আলোচনা করুন। কাব্য সমালোচক এলিয়টের প্রধান দুটি বৈশিষ্ট্য কীভাবে জীবনানন্দ ও বিষ্ণু দে-কে প্রভাবিত করেছিল? ৮+২= ১০

অথবা

খ) বিশ শতকের বাংলা আধুনিক কাব্যে মার্কসবাদ, ফ্রয়েডীয় মনস্তত্ত্ব, অস্তিত্ববাদী দর্শন ও পাশ্চাত্য চিত্র আন্দোলনের প্রভাব আলোচনা করুন। ১০

৮। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ৫×২=১০

ক) এলিয়টের কোন কবিতার অনুবাদ রবীন্দ্রনাথ করেছিলেন? বিষ্ণু দে-কৃত সেই অনুবাদ-কবিতার নাম কী?

খ) কাব্যসমালোচক এলিয়টের দুটি সমালোচনা গ্রন্থের নাম লিখুন।

গ) সুররিয়ালিজম দ্বারা প্রভাবিত দুজন বাঙালি কবির নাম লিখুন।

ঘ) অস্তিত্ববাদী দর্শনের দ্বারা প্রভাবিত বিশ শতকের দু'টি বাংলা কবিতার নাম লিখুন।

ঙ) এলিয়টের কোন কাব্যটি বিশ শতকের বাঙালি কবিদের প্রভাবিত করেছিল? তার প্রকাশকাল কত?